গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বহিরাগমন-৪ শাখা
www.moha.gov.bd



স্মারক নং: ৪৪.০০.০০০০.০০০.১৩৭.৯৯.০০০২.২৪.১৯৭

তারিখ: ০৬ আশ্বিন ১৪৩৩ / ২১ সেপ্টেম্বর ২০২৬

**পরিপত্র**

**বিষয়: হারানো/চুরি/বিনষ্ট হওয়া পাসপোর্ট পুনঃইস্যু সংক্রান্ত।**

সূত্র: (ক) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-স্বঃ মঃ (বহি-১)/পা: নী:-২/৯৬/৯০০, তারিখ: ০৫-১১-১৯৯৬ ইং

(খ) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের বহিরাগমন-৪ শাখার স্মারক নং: ৪৪.০০.০০০০.০০০.১৩৭.৯৯.০০০২.২৪.১৯৫ তারিখ: ২১ সেপ্টেম্বর ২০২৬।

সাম্প্রতিক সময়ে দেশের অভ্যন্তরে উল্লেখযোগ্য সংখ্যক ব্যক্তি কর্তৃক হারানো/চুরি/বিনষ্ট হওয়ার ঘোষণা দিয়ে পাসপোর্ট পুনঃইস্যুর আবেদন দাখিলের প্রবণতা বৃদ্ধি পাওয়ায় এবং পাসপোর্ট একটি সংবেদনশীল ভ্রমণ দলিল হওয়ায় এর অপব্যবহারের মাধ্যমে মানবপাচার, অবৈধ অনুপ্রবেশ ও রাষ্ট্রবিরোধী কার্যকলাপসহ গুরুতর নিরাপত্তা ঝুঁকি বিবেচনায় হারানো/চুরি/বিনষ্ট হওয়া পাসপোর্ট পুনঃইস্যুর ক্ষেত্রে নিম্নরূপ নির্দেশনা জারি করা হলো:

১। পাসপোর্ট হারানো/চুরি/বিনষ্ট হয়ে যাওয়ার ক্ষেত্রে অনতিবিলম্বে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের নির্ধারিত ওয়েবসাইট/অনলাইন ব্যবস্থায় রিপোর্ট করতে হবে। উক্ত রিপোর্টের ভিত্তিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর সংশ্লিষ্ট পাসপোর্টের অবস্থা (status) হালনাগাদসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

২। পাসপোর্ট হারানো, চুরি বা বিনষ্টের ক্ষেত্রে অনতিবিলম্বে নিকটস্থ থানায় সাধারণ ডায়েরি (GD) করতে হবে। সংশ্লিষ্ট থানা ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে সাধারণ ডায়েরির সঠিকতা যাচাই করে প্রতিবেদন বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর অথবা নিকটস্থ পাসপোর্ট অফিসে প্রেরণ করবে। ৭২ ঘণ্টার মধ্যে প্রতিবেদন পাওয়া না গেলে GD-এর কপি সংযুক্ত করে পাসপোর্ট পুনঃইস্যুর আবেদন দাখিল/গ্রহণ করা যাবে। তৎপ্রেক্ষিতে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর Lost Circular জারিপূর্বক পাসপোর্ট পুনঃইস্যুর কার্যক্রম সম্পন্ন করবে।

৩। অনুচ্ছেদ-২ এ বর্ণিত সাধারণ ডায়েরি (GD)-এর সঠিকতা যাচাইয়ে যদি প্রতীয়মান হয় যে, ভিসা প্রাপ্তির উদ্দেশ্যে পাসপোর্টটি কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা ট্রাভেল এজেন্সির নিকট জমাকৃত ও অবৈধভাবে আটক রয়েছে এবং তা তাৎক্ষণিকভাবে ফেরত পাওয়া/উদ্ধার করা সম্ভব নয়, সেক্ষেত্রে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর পূর্ববর্তী পাসপোর্ট Revoke করে পাসপোর্ট পুনঃইস্যু করতে পারবে।

৪। হারানো বা চুরি হওয়া পাসপোর্টের তথ্য পাওয়া মাত্র স্পেশাল ব্রাঞ্চ Immigration Management System (IMS)-এ প্রয়োজনীয় হালনাগাদ করবে এবং প্রয়োজন অনুযায়ী INTERPOL-কে নোটিফিকেশন প্রদানসহ বিধি মোতাবেক পরবর্তী কার্যক্রম গ্রহণ করবে।

CamScanner

৫। বিদেশে অবস্থানকালীন পাসপোর্ট হারানো/চুরি/বিনষ্ট হয়ে গেলে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের নির্ধারিত ওয়েবসাইট/অনলাইন ব্যবস্থায় রিপোর্ট করতে হবে এবং সংশ্লিষ্ট বাংলাদেশ দূতাবাস/হাইকমিশন /কনস্যুলেটকে অবহিত করতে হবে। সংশ্লিষ্ট মিশন Lost Circular জারিপূর্বক পাসপোর্ট পুনঃইস্যু প্রক্রিয়া সম্পন্ন করবে এবং তৎসংশ্লিষ্ট তথ্য যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবে।

৬। হারানো/চুরি/বিনষ্ট হয়ে যাওয়া পাসপোর্ট পুনঃইস্যুর সময় নতুন ইস্যুকৃত পাসপোর্টের ডেটাপেজে (Data Page) সুস্পষ্টভাবে "Previous Passport is Reported to be Lost" মুদ্রিত থাকবে। একইসঙ্গে সংশ্লিষ্ট ডাটাবেজে পূর্ববর্তী পাসপোর্টের Lost/Revoked অবস্থা যথাযথভাবে হালনাগাদ করতে হবে।

৭। হারানো/চুরি/বিনষ্ট হওয়া পাসপোর্ট পুনঃইস্যুর ক্ষেত্রে আবেদনকারীর মৌলিক পরিচয়গত তথ্য (নাম, জন্ম তারিখ, পিতার নাম এবং মাতার নাম) সম্পূর্ণ পরিবর্তন করা যাবে না। তবে প্রযোজ্য আইন/বিধি ও অনুমোদিত তথ্য সংশোধন প্রক্রিয়া অনুসরণে বৈধ সংশোধনের বিষয়টি পৃথকভাবে বিবেচনা করা যাবে।

৮। কোন পাসপোর্ট আংশিকভাবে ক্ষতিগ্রস্থ/বিনষ্ট হলে এবং এর সনাক্তযোগ্য অংশ বাহকের দখলে থাকলে তা সমপর্ণের ভিত্তিতে পাসপোর্ট পুনঃইস্যু করা যাবে। পাসপোর্ট সম্পূর্ণভাবে বিনষ্ট হওয়ার ফলে বাহককে চিহ্নিত করার মত কোন অংশবিশেষ প্রদর্শন করা সম্ভব না হলে হারানো পাসপোর্ট সংক্রান্ত নির্দেশনা অনুসরণ করে পাসপোর্ট পুনঃইস্যু করতে হবে।

৯। হারানো বা চুরি হয়ে যাওয়া হিসেবে রিপোর্টকৃত কোনো পাসপোর্ট Revoke করার পর তা পরবর্তীতে পাওয়া গেলে পুনরায় সক্রিয় করা বা বিদেশ ভ্রমণে ব্যবহার করা যাবে না। সংশ্লিষ্ট ব্যক্তিকে বিষয়টি অনতিবিলম্বে নিকটস্থ থানা এবং বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের নির্ধারিত ওয়েবসাইট/অনলাইন ব্যবস্থায় রিপোর্ট করতে হবে । বিদেশে অবস্থানকারীদের ক্ষেত্রে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের নির্ধারিত ওয়েবসাইট/অনলাইন ব্যবস্থায় রিপোর্টসহ সংশ্লিষ্ট বাংলাদেশ দূতাবাস/হাইকমিশন /কনস্যুলেটকে অবহিত করতে হবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রয়োজন অনুযায়ী ডাটাবেজ ও ইমিগ্রেশন অ্যালার্ট হালনাগাদ করবে।

১০। পাসপোর্ট প্রথমবার হারানো/চুরি/বিনষ্ট হওয়ার ক্ষেত্রে নির্ধারিত পাসপোর্ট ফি ব্যতীত অতিরিক্ত দন্ড ফি আরোপ করা হবে না। পরবর্তীতে পাসপোর্ট হারানো/চুরি/বিনষ্ট হওয়ার ক্ষেত্রে প্রত্যেকবার নির্ধারিত পাসপোর্ট ফি'র অতিরিক্ত ১০,০০০/- (দশ হাজার) টাকা দন্ড ফি আরোপ করা হবে।

১১। হারানো/চুরি/বিনষ্ট হওয়া পাসপোর্ট পুনঃইস্যুর বিষয়ে ইতোপূর্বে জারিকৃত এতদসংক্রান্ত পরিপত্র/আদেশ/ নির্দেশনাসমূহ সমন্বয় ও সংশোধনপূর্বক যথাযথ কর্তৃপক্ষেরে অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।

১২। এ পরিপত্র জারীর তারিখ হতে কার্যকর হবে।

২১/০৭/২০২৬

মোহাম্মদ নুরুজ্জামান
উপসচিব
ফোন: ০২-৫৫১০১১৩৯
ই-মেইল: immigration4@moha.gov.bd

CamScanner

স্মারক নং: ৪৪.০০.০০০০.০০০.১৩৭.৯৯.০০০২.২৪.**১৯৭**

তারিখ: ০৬ আশ্বিন ১৪৩৩ / ২১ সেপ্টেম্বর ২০২৬

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা
০২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০৩। গভর্ণর, বাংলাদেশ ব্যাংক,মতিঝিল, ঢাকা
০৪। সিনিয়র সচিব/সচিব (সকল),.................. মন্ত্রণালয়, ঢাকা
০৫। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা
০৬। মহাপরিচালক, ডিজিএফআই,ঢাকা সেনানিবাস, ঢাকা
০৭। মহাপরিচালক, এনএসআই, সেগুনবাগিচা, ঢাকা
০৮। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
০৯। অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, এসবি, মালিবাগ, ঢাকা
১০। প্রকল্প পরিচালক, "বাংলাদেশ ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন" শীর্ষক প্রকল্প, ঢাকা

অনুলিপি (অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো):

০১। অতিরিক্ত সচিব (বহিরাগমন অনুবিভাগ), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
০২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
০৩। যুগ্মসচিব (বহিরাগমন অনুবিভাগ), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
০৪। মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
০৫। সিনিয়র সচিব এর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
০৬। সিস্টেম এনালিস্ট-১/২, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (পরিপত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

২১.০৯.২০২৬

মোহাম্মদ নুরুজ্জামান
উপসচিব